অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/26/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিঃসরণ হ্রাস এবং কার্বন সিকুয়েস্টারের প্রকৃতি ভিত্তিক সমাধানের জন্য 21.5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ঘোষণা করলেন

প্রাকৃতিক কার্বন সমাধান উদ্ভাবন চ্যালেঞ্জের মাধ্যমে 8.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান

চরম তাপের প্রভাব প্রশমন করে এবং ভবনের নিঃসরণ হ্রাস করার প্রকল্পের জন্য এখন 13 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য আছে

2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে স্টেটের জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের লক্ষ্যকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিঃসরণ হ্রাস এবং কার্বন সিকুয়েস্টারের উদ্ভাবনী প্রকৃতি ভিত্তিক সমাধান বিকাশের জন্য প্রাকৃতিক কার্বন সমাধান উদ্ভাবন চ্যালেঞ্জের (চ্যালেঞ্জ) (Natural Carbon Solutions Innovation Challenge) রাউন্ড 1 এর মাধ্যমে 8.5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করা হয়েছে। পাশাপাশি, চরম তাপের ক্ষেত্রে দুর্বল, বিশেষ করে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের ব্যক্তিদের সরাসরি লাভ প্রদানের উদ্দেশ্যে চরম তাপের প্রভাব প্রশমন করে এবং ভবনের নিঃসরণ হ্রাস করার প্রকল্পের জন্য চ্যালেঞ্জের রাউন্ড 2 এর মাধ্যমে 13 মিলিয়ন মার্কিন ডলারের বেশি উপলভ্য করা হয়েছে। আজকের ঘোষণাটি 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে স্টেটের জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) লক্ষ্যকে সমর্থন করে।

"যেকোনো সমস্যায় সম্মুখীন হলে নিউ ইয়র্কবাসীরা অগ্রসর হওয়ার একটি পথ খুঁজতে সক্রিয় হয়, যার মধ্যে আমাদের জলবায়ু সঙ্কটের লড়াইয়ে স্বাভাবিক হয়ে উঠা অত্যধিক তাপকে হারানোর নতুন পন্থা রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "এই বিনিয়োগসমূহ হলো বর্ধিষ্ণু তাপমাত্রায় সবথেকে ঝুঁকিগ্রস্ত সম্প্রদায়সমূহকে আরো স্থিতিস্থাপক ও স্বাস্থ্যকর করা নিশ্চিত করতে এবং একই সাথে অর্থনৈতিক সুযোগ তৈরি করতে ও জলবায়ু সমাধানের একটি উদ্ভাবনী কেন্দ্র হিসেবে নিউ ইয়র্ককে প্রতিষ্ঠিত করতে গৃহীত একটি বৃহত্তর প্রতিশ্রুতির অংশ।"

রাউন্ড 1 এ প্রদত্ত অর্থ

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) পরিচালিত চ্যালেঞ্জের মাধ্যমে নির্বাচিত সাতটি প্রকল্প

নিঃসরণ হ্রাস এবং আরো স্থিতিস্থাপক বসবাসের পরিবেশ তৈরিতে অবদান রাখবে। কার্বন সিকুয়েস্টার বৃদ্ধি, বর্জ্য মিথেন নিঃসরণ হ্রাস, এবং ভবনের শেল রেট্রোফিট অগ্রসর করা এবং নিউ ইয়র্কের জলবায়ু লক্ষ্য অর্জনের জন্য মুখ্য নতুন নির্মাণ পন্থার উদ্ভাবনী সমাধানের প্রস্তাবনার আবেদনের অনুরোধ করা হয়েছিলো। পাশাপাশি, NYSERDA এমন প্রস্তাবনাকে উৎসাহিত করেছে যা ভূমিকে সেরা উপায়ে ব্যবহার করে, স্থিতিস্থাপকতা এবং নবায়নযোগ্য শক্তি সংযোজন বৃদ্ধি করে, বায়ু ও পানি দূষণ হ্রাস করে, শক্তি সেবার ব্যয় সাশ্রয় করে, এবং জলবায়ু স্মার্ট শিল্পখাতে চাকরি তৈরিকে উদ্দীপিত করার মাধ্যমে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহ এবং পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার এলাকাকে লাভবান করবে।

রাউন্ড 1 এ অর্থপ্রাপ্তদের মধ্যে রয়েছে:

- **অ্যাসেম্বলি OSM (Assembly OSM)** - নিউ ইয়র্ক সিটির মতো ঘনবসতিপূর্ণ শহুরে পরিবেশে সরলীকৃত ভবনের অফসাইট প্রাক-নির্মাণের সাথে সম্পর্কিত দুইটি নতুন জৈবভিত্তিক এবং স্বল্প কার্বন ধারণকৃত নির্মাণ উপাদানের বিকাশ ও প্রদর্শনীর জন্য মেইন ইউনিভার্সিটির (University of Maine) অ্যাডভান্সড স্ট্রাকচার্স এবং কম্পোজিট সেন্টার (Advanced Structures and Composites Center) এবং SHoP আর্কিটেক্টসের (SHoP Architects) সাথে সহযোগিতার জন্য 2.3 মিলিয়ন মার্কিন ডলার।
- **হেম্পিটেকচার (Hempitecture)** - আঞ্চলিকভাবে উৎপন্ন ইন্ডাস্ট্রিয়াল হেম্প ফাইবার ব্যবহার করে উদ্ভাবনী জৈবভিত্তিক ইন্স্যুলেশন পণ্যের বিকাশ ও প্রস্তুতকরণের জন্য 1.1 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি লুজ-ফিল নিম্ন কার্বন ইন্স্যুলেশনের পারফর্ম্যান্স, গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ, এবং এর সাথে সংশ্লিষ্ট বিয়ের পরিমাপ করবে। পণ্যের প্রদর্শনী এবং প্রস্তুতকরণ মূল্যায়ন হবে গ্রো-NY অঞ্চলে (ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক, সাউদার্ন টিয়ার)।
- **ফাইটোস্টোন (Phytostone)** - স্থানীয় কৃষি অবশিষ্টাংশ থেকে উৎপন্ন কার্বন সিকুয়েস্টার করা এবং একই সাথে ইন্স্যুলেশনের পরিমাণ বৃদ্ধি করা দেওয়াল ও সিলিংয়ের জন্য অভ্যন্তরীণ স্থাপত্য টাইলের বিকাশ ও বাণিজ্যিকীকরণের জন্য 1.5 মিলিয়ন মার্কিন ডলার। এই তহবিলের কারণে ফাইটোস্টোন স্থানীয়ভাবে উৎপন্ন জৈব পণ্য এবং নিউ ইয়র্ক স্টেট ভিত্তিক প্রস্তুতকরণকে কাজের লাগানোর লক্ষ্যে নিউ ইয়র্কের বাফেলোতে অবস্থান করতে সক্ষম হয়েছে।
- **রি-নিউবল (Re-Nuble)** - একটি কম্পোস্টেবলের উৎপাদনের জন্য প্রত্যয়িত হেম্প উপজাত এবং অন্যান্য উদ্ভিজ্জ উৎসের ফাইবার পুনর্ব্যবহার করার মাধ্যমে বর্জ্য সম্পর্কিত মিথেন হ্রাস করতে, মিডিয়া লাইনের বিকাশ করতে, এবং নিউ ইয়র্ক স্টেটের ডাউনটাউন গ্রাহকদের (মাটিহীন কৃষক) জন্য একটি নিশ্চিত সরবরাহ চেইনকে সমর্থন করার জন্য একটি চক্রাকার ব্যবসা মডেল প্রয়োগ করার জন্য 516,000 মার্কিন ডলার।
- **নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি এনভায়রনমেন্টাল সাইন্স এবং ফরেস্ট্রি কলেজ (State University of New York College of Environmental Science and Forestry, SUNY-ESF)** - নিউ ইয়র্ক স্টেটের উৎপন্ন কাঠের পণ্যের জীবনচক্রের বিশ্লেষণ উন্নত করার একটি সঙ্গতিপূর্ণ, স্বচ্ছ, এবং ওপেন সোর্স ফ্রেমওয়ার্ক হিসেবে কার্বন স্টোরিং উপাদানের মূল্যায়নের টুল (Tool for Assessing Carbon-Storing Materials, TACSMA) তৈরির জন্য 546,000 মার্কিন ডলার। এই টুলের আবেদনসমূহের

মধ্যে রয়েছে ভবনের পণ্যের জন্য এবং নিউ ইয়র্ক স্টেটে ভবনের পণ্য সংক্রান্ত অধিগ্রহণ ও নীতিমালাকে অবগত করার জন্য পরিবেশ সংক্রান্ত পণ্য (Environmental Product Declarations, EPDs) বিবৃতি।

- **সানথ্রু (SunThru)** - তাদের দ্রুতগতির অ্যারোজেল প্রস্তুতকরণ পদ্ধতি এবং বিদ্যমান দুই পাল্লার জানালা অবকাঠামোতে তিন পাল্লার জানালার পারফর্ম্যান্স প্রদান করা সিথ্রুTM (SeeThruTM) অ্যারোজেল উপাদানের মাত্রা বৃদ্ধি করার জন্য 1.7 মিলিয়ন মার্কিন ডলার। পণ্যের প্রদর্শনীর মধ্যে থাকবে স্কেনেকট্যাডি ইউনিয়ন কলেজে এ ইনস্টলেশন। সানথ্রুয়ের অনুমান অনুযায়ী তাদের পণ্য একটি একক পরিবারের বাসার শক্তি চাহিদা 13 শতাংশ হ্রাস করবে এবং তিন পাল্লার জানালার তুলনায় অপেক্ষাকৃত কম কার্বন থাকবে বলে আশা করা যাচ্ছে।
- **সিরাকিউজ ইউনিভার্সিটি (Syracuse University)** - মাইকোকোর (MycoCore) বিকাশ ও প্রদর্শনের জন্য 846,000 মার্কিন ডলার, এই পণ্যটি আঞ্চলিক কৃষি বর্জ্য ব্যবহার করে প্রকৌশলকৃত জৈব যৌগ দ্বারা প্রস্তুত করা, একটি ক্রেডল-টু-ক্রেডল জীবনচক্র, এবং একটি স্ক্যান-থেকে-প্রস্তুত কর্মধারাসহ একটি অনন্য প্যানেলাইজড সমাধানের মাধ্যমে গভীর শক্তি রেট্রোফ্রিটে জন্য স্বল্প কার্বনের ইন্স্যুলেটেড ফ্যাসেড ব্যবস্থার ঘাটতির সমাধান করবে যা নকশা ও নির্মাণের ব্যয় হ্রাস করবে, নিউ ইয়র্ক স্টেটের প্রস্তুতকরণকে উন্নত করবে, এবং পণ্যের সরবরাহ চেইনকে স্থানীয় করবে।

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "প্রত্যেক বছর নিউ ইয়র্ক আরো ঘনঘন হওয়া চরম তাপ ইভেন্টের সাথে সংশ্লিষ্ট কাঠিন্য ও ঝুঁকির সম্মুখীন হয়, এই রাউন্ডের অর্থায়ন তার সমাধান করার জন্য তৈরি করা হয়েছে। অর্থপ্রাপ্ত প্রকল্পসমূহের অগ্রগতি অনুসরণ করার জন্য এবং সদা পরিবর্তনশীল জলবায়ুতে অবদান রাখা নিঃসরণ হ্রাস করতে এবং অত্যধিক তাপের সময়কার গ্রিডের চাহিদা হ্রাস করতে সম্ভাবনাসহ নতুন সমাধানসমূহকে অগ্রসর হতে দেখার জন্য আমরা উদগ্রীব।"

<u>রাউন্ড 2 - 13 মিলিয়ন মার্কিন ডলার এখন উপলভ্য</u>
রাউন্ড 2 এর মাধ্যমে বেসরকারি কোম্পানি, গবেষণা প্রতিষ্ঠান, এবং অন্যান্য সংগঠন থেকে দুইটি চ্যালেঞ্জ খাতে NYSERDA প্রস্তাবনা চাইছে যার উদ্দেশ্য হবে তাপ দ্বীপের এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে ভবনের নিঃসরণের সমাধান করা।

- **চরম তাপের জন্য সবুজ কুলিংয়ে উদ্ভাবন** - নিষ্ক্রিয় কুলিংয়ের প্রকৃতি ভিত্তিক পন্থা গ্রহণ ও এর লাভ বৃদ্ধি করার গবেষণা, বিকাশ, এবং যন্ত্র, প্রযুক্তি, ও কৌশলের প্রদর্শনীর জন্য 5.5 মিলিয়ন মার্কিন ডলার, এক্ষেত্রে পুরো নিউ ইয়র্ক স্টেটে সবুজ অবকাঠামোর আরো বৃহৎ মাত্রা ও কার্যকারিতার অনুঘটক হিসেবে কাজ করার জন্য সুবিধাবঞ্চিত, তাপের ব্যাপারে ঝুঁকিগ্রস্ত সম্প্রদায়সমূহকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- **কার্বন নেতিবাচক ভবনের উদ্ভাবন** - ভবনের শক্তি দক্ষতাকে সমর্থন করে এমন নিউ ইয়র্ক স্টেটের কার্বন নেতিবাচক পণ্যের প্রদর্শন, উপস্থাপন, ও মাত্রা বৃদ্ধি করার জন্য 7.5 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য আছে। প্রকল্পসমূহ বাজারে বিকাশের সম্ভাবনা, স্থানীয়

কাঁচামাল দিয়ে স্থানীয় প্রস্তুতকরণের সম্ভাব্যতা, এবং স্থানীয় সম্প্রদায়ের অন্যান্য সুবিধাকে যাচাই করবে।

20 আগস্ট, 2024 ইস্টার্ন টাইম বিকাল 3:00টা পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে। প্রস্তাবিত কর্মকাণ্ড কীভাবে বৈচিত্র্য, সমতা, এবং অন্তর্ভুক্তিকে সমর্থন করবে তা বর্ণনা করার আবশ্যিকতাসহ মূল্যায়নের নির্ণায়ক সম্পর্কে বিস্তারিত আবেদনের অনুরোধের ভেতর পাওয়া যাবে।
23 জুলাই, 2024 তারিখ ইস্টার্ন টাইম দুপুর 1:00টা থেকে বিকাল 3:00টা পর্যন্ত একটি তথ্যমূলক ওয়েবিনার আয়োজন করা হবে যেখানে চ্যালেঞ্জ, প্রস্তাবনা এবং প্রকল্পের আবশ্যিকতা, এবং আবেদনের প্রক্রিয়া সম্পর্কে আরো বিস্তারিত প্রদান করা হবে।

নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) অন্তর্বর্তীকালীন কমিশনার শন মাহার বলেন, "গভর্নর হোকলের আজকের 4.5 মিলিয়ন মার্কিন ডলারের ঘোষণা জলবায়ু পরিবর্তনকারী দূষণ হ্রাস করার এবং আমাদের পরিবর্তনশীল জলবায়ুর ফলে সৃষ্ট চরম তাপ থেকে নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখতে সাহায্য করার প্রয়াসসমূহ অগ্রসর করতে পুরো নিউ ইয়র্ক স্টেটের সংগঠন, গবেষণা প্রতিষ্ঠান, এবং বেসরকারি কোম্পানিসমূহকে সাহায্য করবে। প্রাকৃতিক কার্বন সমাধান উদ্ভাবন চ্যালেঞ্জের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট আমাদের সম্প্রদায়সমূহকে এবং আমাদের অর্থনীতিকে ডিকার্বোনাইজ করতে বিনিয়োগ করছে, যা আরো পরিচ্ছন্ন ও সবুজ ভবিষ্যৎ নিশ্চিত করবে।"

নিউ ইয়র্ক স্টেট জেনারেল সার্ভিসেস অফিসের (Office of General Services, OGS) কমিশনার জিনেট ময় বলেন, "আজকে গভর্নর হোকলের অর্থায়নের ঘোষণাটি এমন প্রকল্পকে সমর্থন করবে যার উদ্দেশ্য হবে নির্মিত পরিবেশে কার্বন পদচিহ্ন হ্রাস করার জন্য নতুন পণ্য ও কৌশল অগ্রসর করা। সকলের জন্য আরো পরিচ্ছন্ন ও আরো স্বাস্থ্যকর নিউ ইয়র্ক তৈরি করবে এমন প্রযুক্তির গবেষণা ও বিকাশে সরকারি ও বেসরকারি খাতের প্রতিষ্ঠানের বিনিয়োগের ক্রমবর্ধমান সহযোগিতামূলক কাজের অংশ হতে পেরে OGS গর্বিত।"

এই উদ্যোগটি হলো জলবায়ু পরিবর্তনে স্টেটের স্থিতিস্থাপকতা বৃদ্ধি করার জন্য একটি সার্বিক কৌশলের অংশ যার মধ্যে রয়েছে ভ্যাটিকানে 'জলবায়ু সঙ্কট থেকে জলবায়ু স্থিতিস্থাপকতা (From Climate Crisis to Climate Resilience)' সামিটে অংশগ্রহণ করার সময় জলবায়ু স্থিতিস্থাপকতায় প্রায় 300 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ সম্পর্কে গভর্নর হোকলের সাম্প্রতিক ঘোষণা। পাশাপাশি, পরিবেশ সংরক্ষণ বিভাগ এবং NYSERDA একটি চরম তাপ কর্মপরিকল্পনা (Extreme Heat Action Plan) তৈরিতে নেতৃত্ব দিচ্ছে যার প্রধান উদ্দেশ্য হবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়, চাকরির খাত, এবং সারা স্টেটের বিনোদনমূলক জোনে চরম তাপের প্রভাবসমূহের সমাধান করা। এছাড়াও NYSERDA স্টেটের অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতার লক্ষ্য পূরণ করার জন্য প্রয়োজনীয় কম নিঃসরণ ও কার্বন সিকুয়েস্টার প্রযুক্তিকে ত্বরান্বিত করার ক্ষেত্রে উদ্ভাবক ও কোম্পানিসমূহকে সমর্থন করার জন্য গবেষণা, বিকাশ, এবং বাণিজ্যিকীকরণে নিউ ইয়র্কের অগ্রাধিকার পাওয়া বিনিয়োগসমূহকে প্রকাশ করেছে। NYSERDA এর উদ্ভাবন কর্মসূচি অনুদান এবং র্যাপঅ্যারাউন্ড বাণিজ্যিকীকরণ সমর্থনের মাধ্যমে সরাসরি বিনিয়োগ হিসেবে 10 বছরে 800 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করতে যাচ্ছে। 680 মিলিয়ন মার্কিন

ডলারের বেশি বেসরকারি বিনিয়োগ এবং 200 মিলিয়ন মার্কিন ডলার প্রকল্পের অর্থায়নের মূলধন তৈরি করা হয়েছে, এবং NYSERDA এর প্রযুক্তি ও ব্যবসা বিকাশ বিনিয়োগের ফলস্বরূপ 450টির বেশি উদ্ভাবনী পরিচ্ছন্ন শক্তি পণ্যের বাণিজ্যিকীকরণ করা হয়েছে যার মধ্যে LED বাতির ব্যবস্থা, হোম অ্যাপ্লায়েন্স, দীর্ঘতর সময় টিকে থাকা ব্যাটারি, এবং আরো দক্ষ হিটিং ও কুলিং সিস্টেম রয়েছে।

NYSERDA এর ক্লিন এনার্জি ফান্ড (Clean Energy Fund, CEF) এবং আঞ্চলিক গ্রিনহাউজ গ্যাস উদ্যোগের (Regional Greenhouse Gas Initiative, RGGI) মাধ্যমে এই কর্মসূচির অর্থায়ন করা হচ্ছে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহের কিছু দ্বারা নির্দেশিত হয়ে, নিউ ইয়র্ক প্রয়াসের একটি গুচ্ছকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ (New York Cap-and-Invest program, NYCI) কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা, যাতে করে 2030 সালের মধ্যে 1990 এর মাত্রার তুলনায় 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, এর মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য জ্বালানি উৎপাদন এবং শতকের মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো পরিচ্ছন্ন শক্তিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 61টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 28 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবনের নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 130টি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি, এবং বায়ু দূষণকে লক্ষ্য করে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করতে সাহায্য করার জন্য পুরো স্টেটের 10টি সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে স্টেটের বৃহত্তম সম্প্রদায়ের বায়ু পর্যবেক্ষণ উদ্যোগ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন